নিয়ে আলোচনা করতে এবং সরাসরি তথ্য জোগাড় করতে কি করে সম্প্রদায়ের চাহিদা
মেটানো যায়।

ফেব্রুয়ারি ২২, ২০১৯ এ জনগণের মন্তব্যের সময় পুনরায় খোলা হয়। এই পুনরায় খোলা
জনগণের মন্তব্যের সময়ের কথা জানিয়ে জন বিজ্ঞপ্তি ইংরেজি, আরবি ও বাংলায়
প্রকাশিত হয়। এই জনগণের মন্তব্যের সময়ের বিষয়ে একটি প্রচারপত্রও ইংরেজি, আরবি
ও বাংলায় ছাপানো হয় ও বিলি করবার জন্য সম্প্রদায়ের নেতাদের দেওয়া হয়। এক
সপ্তাহ পরে, কেন্দ্রের তথ্যের বিবরণ এবং কর্ম সারাংশ কেন্দ্রের ওয়েবপেজ
www.michigan.gov/usecologydetroitnorth ইংরেজি, আরবি এবং বাংলায় পোস্ট করা
হয়।

মার্চ ২৮, ২০১৯ এ একটি প্রকাশ্য সভা হয় একটি ওপেন হাউস প্রশ্ন উত্তর সময় এবং তার
পরে আনুষ্ঠানিক জনগণের মন্তব্যের সুযোগের সাথে অনুষ্ঠিত হয়। "সভা" শব্দটি
আলোচনার জন্য ব্যবহার করা হয়, কারণ প্রকাশ্য শুনানির সময় ইজিএলই প্রশ্নের উত্তর
দিতে পারে না। সভার সময়, সভার কর্মসূচি, তথ্যের বিবরণ এবং কর্ম সারাংশ ইংরেজি,
আরবি এবং বাংলায় উপলব্ধ ছিল। দুজন আরবি অনুবাদক এবং দুজন বাংলা অনুবাদক
পুরো জন সভার সময় উপস্থিত ছিল। আঞ্চলিক সম্প্রদায়ের নেতারাও ইজিএলই-কে
অনুবাদে সাহায্য করেছে। অনুবাদ করা আনুষ্ঠানিক মন্তব্য পত্রও দেওয়া হয়েছিল, যার

ফলে অংশগ্রহণকারীরা ইংরেজি, আরবি বা বাংলায় আনুষ্ঠানিক মন্তব্য লিখে জমা দিতে পারেন। জনগণের মন্তব্যের সময়টি খোলা থাকে এপ্রিল ১২, ২০১৯ অবধি।

E. কেন কোম্পানির নাম পরিবর্তন করা প্রয়োজন ছিল? সম্প্রসারণের কারণ কি?

আগের কোম্পানি ডিনেকল, ইউএস ইকোলজি দ্বারা ক্রয় হয়। বাজার বিশ্লেষণ করে ইউএস ইকোলজি একটি বাণিজ্যিক সিদ্ধান্ত নেয় (বর্জ্য উৎপাদকের অবস্থান, প্রতিযোগিতা, অর্থনৈতিক প্রবণতা, উপলব্ধ প্রযুক্তি ইত্যাদি) বর্তমান কেন্দ্রে নতুন ক্ষমতা যোগ করার জন্য।

F. সাইটে বর্জ্য করক্ষণ সরক্ষন করা হবে? সংরক্ষণের জন্য কি ধরণের ধারক ব্যবহার করা হবে?

পারমিটটি এই কেন্দ্রে একটি বর্জ্য সর্বোচ্চ এক বছর সংরক্ষণ করার অনুমতি দেয়। বেশির ভাগ বর্জ্য সেই সময়ের কম সংরক্ষিত হবে। বর্জ্য ট্যাঙ্ক এবং ধারাকে সংরক্ষিত হবে। ধারকগুলি ছোট বালতি থেকে ২০ কিউবিক গজ রোল-অফ হতে পারে।

G. সেখানে ভূগর্ভস্থ স্টোরেজ ট্যাংক হতে হবে?

কেন্দ্রে কোনো ভূগর্ভস্থ স্টোরেজ ট্যাংক প্রস্তাবিত হয় নি. কিন্তু সেখানে তিনটি ভূগর্ভস্থ প্রক্রিয়া ট্যাংক আছে যারা সংরক্ষণে ব্যাবহৃত হয় না।

H. এই সম্প্রসারণ বিশ্বব্যাপী জলবায়ু পরিবর্তনের উপর কি প্রভাব ফেলবে?

লাইসেন্সে অন্তর্ভুক্ত শর্তগুলি তৈরি করা হয়েছে কোন নিকাশ রোধ করবার জন্য এবং এই অবস্থানে সংরক্ষণ করা এবং প্রক্রিয়া করা পদার্থের কোন এক্সপোজার রোধার জন্য। পরিবেশের সাথে কোন সম্পর্ক না থাকায়, লাইসেন্স প্রাপ্ত প্রক্রিয়া কার্যক্রম জলবায়ু পরিবর্তনের ওপরে সামান্য প্রত্যাশিত প্রভাব রাখবে।

I. সতর্কতামূলক নীতির ওপর কি বিবেচনা করা হয়েছে?

ইজিএলই-এর মিশন হলো বায়ু, জল, ভূমি এবং শক্তির সম্পদগুলি পরিচালনা করে মিশিগানের পরিবেশ এবং জনস্বাস্থ্য রক্ষা করা। আমরা এগুলিকে অংশত করি যুক্তিসংগত সিদ্ধান্ত নিয়ে যা রাজ্য ও ফেডারাল আইনের মধ্যে থাকে এবং বিজ্ঞান দ্বারা অবগত। ইউএসই-র অপারেটিং লাইসেন্স নবায়ন ও সম্প্রসারণের সিদ্ধান্ত রাজ্যের আইনের অনুসারে করা হয়েছে। প্রাসংগিক সংবিধি ইজিএলই কে সতর্কতামূলক নীতি বিবেচনা করতে অনুমতি দেয় না। কিন্তু, আমরা বিশ্বাস করি যে এই সিদ্ধান্তটি সতর্কতামূলক নীতিকে সন্তুষ্ট করে কেননা বিপদ্জনক বর্জ্য ব্যাবস্থাপনা একটি উঠতি ক্ষেত্র নয় এবং এখানে একটি বড় অংশের বৈজ্ঞানিক জ্ঞান আছে কিভাবে বিপদ্জনক বর্জ্য সঠিক ভাবে পরিচালনা করা যায় সেই ব্যাপারে; আমাদের সঠিক ভাবে বিপদ্জনক বর্জ্য পরিচালনা করতে কি চাই সেই বিষয়ে একটি উচ্চ পর্যায়ের নিশ্চয়তা আছে। এই প্রয়োজনীয়তাগুলি পার্ট ১১১ এবং তার প্রশাসনিক নিয়মের, মিশিগান অ্যাডমিনিস্ট্রেটিভ

কোড আর ২৯৯.৯১০১ ইটি সেক বিধিবন্ধ করা হয়েছে এবং কেন্দ্রের চালকদের অপারেটিং লাইসেন্সের মাধ্যমের দেওয়া হয়েছে।

VII. প্রস্তুতি ও প্রতিরোধ

- A. একটি সুপারিশ ছিল যে "বিপত্তি সম্প্রদায় যোগাযোগ পরিকল্পনা" তৈরি করার এবং সব ধরণের মিডিয়াতে তাকে উপলব্ধ করার।

বিপদের যোগাযোগ অপরিহার্য। আকস্মিক পরিকল্পনা বিশেষে জানায় কিভাবে একটি আপদকালীন পরিস্থিতি পরিচালিত হবে। এর মধ্যে থাকে স্থানীয় সাম্প্রদায়িক আপদকালীন সংস্থাগুলির সাথে যোগাযোগ। কেন্দ্র, দেশ এবং শহরের মধ্যে হোস্ট কমিউনিটি এগ্রিমেন্ট তেও একটি যোগাযোগের পরিকল্পনা আছে। হোমল্যান্ড সিকিউরিটি এন্ড ইমার্জেন্সি ম্যানেজমেন্টের ডেট্রয়েট অফিস এই রকম বিপদের পরিকল্পনা এবং কর্ম প্রস্তুত করে এবং জরুরি নির্দেশিকা ও মিডিয়ার মাধ্যমে জানায়।

- B. আপডেটেড এবং অনুমোদিত আকস্মিক পরিকল্পনা প্রয়োজনীয় গোষ্ঠীর মধ্যে বিতরণ করা হবে এবং ইজিএলই তাদের সেই পরিকল্পনার প্রাপ্তি যাচাই করবে।

একমত লাইসেন্সের লাইসেন্স শর্ত ॥.এফ এবং আকস্মিক পরিকল্পনা সংযুক্তি ৪ চায় যে লাইসেন্সী সব প্রয়োজনীয় পক্ষকে আকস্মিক পরিকল্পনার আপডেট জানাবে। এটা করা হবে প্রত্যয়িত মেইল বা অন্য কোন ট্র্যাকিং পদ্ধতির মাধ্যমে প্রাপ্তি নিশ্চিত করবার জন্য।

- C. জমি নিষ্পত্তি বিধিনিষেধের জন্য আবেদন পর্যালোচনা প্রক্রিয়ার সময় ইউ.এস. ইপিএ নতুন বর্জ্য বিশ্লেষণ পরিকল্পনা নির্দেশিকা তৈরি করে। কিভাবে এই নতুন নির্দেশিকা প্রস্তাবিত লাইসেন্স অন্তর্ভুক্ত করা হবে?

ডিসেম্বর ৮, ২০১৬ থেকে ডিসেম্বর ৯, ২০১৬ অবধি ইউ.এস. ইপিএ, ইজিএলই এবং ইউএসই-র মধ্যে একটি সভা হয়। সভার উদ্দেশ্য ছিল কেন্দ্রের পরিচালনা পর্যালোচনা করে এবং কিভাবে এই পরিচালনা ডাব্লিউএপি তে সুরাহা করা যায় দেখা। ইউ.এস. ইপিএ ডাব্লিউএপি -এর ওপর মন্তব্যের জবাব ইজিএলই কে দেয়। ইউ.এস. ইপিএ-এর মন্তব্যের জবাব দেবার জন্য ইজিএলই এবং ইউএসই ডাব্লিউএপি-কে পরিবর্তন করে। নতুন নির্দেশিকার জবাব দেবার জন্য ডাব্লিউএপি পরিবর্তন সাপেক্ষ এবং এটি তৈরি হয়েছে নিশ্চিত করার জন্য যে সঠিক বর্জ্য চারিত্বায়ন এবং ব্যবস্থাপনা হচ্ছে।

VIII. বায়ু মাটি এবং ভূগর্ভস্তু জল পর্যবেক্ষণ

- A. পরিবেষ্টনকারী বায়ু পর্যবেক্ষণ প্রকল্পের মধ্যে ভাসমান বস্তুকণার পর্যবেক্ষণ হয়, কিন্তু এটি চুন ব্যবহার করে তাদের স্থিতিশীল প্রক্রিয়ার দিকে আরো গতি বাঢ়ানো যেতে পারে। খসড়া অপারেটিং লাইসেন্সে গ্রাহেল পার্কিং সমেত সাইটে উৎপন্ন সকল পলাতক ধূলোর কেন শ্রেষ্ঠ বা যুক্তিসংগত ভাবে উপলব্ধ নিয়ন্ত্রণ ব্যবস্থার (বিএসিএম বা আরএসিএম) উল্লেখ নেই।

চারিপার্শ্বিক বায়ু পর্যবেক্ষণ প্রোগ্রামের উদ্দেশ্য হলো পার্কিং এলাকা থেকে তৈরি পলাতক ধূলা সহ, কেন্দ্রের সব উৎস থেকে বায়ু দৃষ্টিকারীর বায়ুমণ্ডলীয় ঘনত্বে ইউএসই-র অবদান নির্ণয় করা। মিশন ন্যাচারাল রিসোর্সস এন্ড এনভায়রনমেন্ট প্রটেকশন একট ১৯৯৪ ৪৫১, সংশোধিত, বায়ু পর্যবেক্ষণ প্রোগ্রামের পার্ট ৫৫ এ কোন বিচ্যুতি ধরাপড়ার ক্ষেত্রে, ইজিএলই, একিউডি দ্বারা নির্দেশিত নিয়ন্ত্রণ ব্যবস্থা বাস্তবায়িত হবে।

- B. সংযুক্তি ১ - পারিপার্শ্বিক বায়ু পর্যবেক্ষণ প্রোগ্রাম: ১৯৯৪ তে, বিগত বছরের তথ্যের ওপর নির্ভর করে ওয়েন কান্ট্রি এয়ার কোয়ালিটি ম্যানেজমেন্ট ডিভিশন পর্যবেক্ষণের প্রয়োজন থেকে ক্যাডমিয়াম, কপার, নিকেল আর জিঙ্ক সরিয়ে দেয়। যেহেতু যে পরিমান বর্জের প্রক্রিয়া হবার আয়তন বেড়ে যাচ্ছে অনুমান করা হচ্ছে, ইজিএলই কি এই প্যারামিটার গুলিকে পারিপার্শ্বিক বায়ু পর্যবেক্ষণ প্রোগ্রাম আবার বহাল করবে?

ক্যাডমিয়াম, কপার, নিকেল আর জিঙ্ক এই প্যারামিটারগুলি পুনঃবহাল হয় নি। ইজিএলই, একিউডি, প্রক্রিয়ার বর্জের বর্ধিত পরিমান সহ লাইসেন্স আবেদন পর্যালোচনা করেছেন। বর্তমান ইউএসই বায়ু ব্যবহার পারমিট শর্তগুলি যাতে নিয়ন্ত্রণ যন্ত্র প্রয়োজন হালকা করা হয় নি যাতে নির্গমনের বৃদ্ধি হয়। পূর্বের পলাতক ধূলো হাল করে যাবে কারণ ফুটপাথ যোগ করা হয়েছে।

- C. নতুন কেন্দ্রে কত গুলি এয়ার মনিটর ব্যবহাত হবে? তারা বায়ুতে কিসের জন্য পর্যবেক্ষণ করছে? তারা কি উদ্বায়ী জৈব যৌগের জন্য পর্যবেক্ষণ করছে?

পারিপার্শ্বিক বায়ু পর্যবেক্ষণ প্রকল্পে কেন্দ্রে তিনটি মনিটর থাকবে। পারিপার্শ্বিক বায়ু পর্যবেক্ষণ প্রকল্পের প্যারামিটারে থাকে মোট ভাসমান বস্তুকণা, আর্সেনিক, লেড এবং ক্রোমিয়াম। উদ্বায়ী জৈব যৌগ পারিপার্শ্বিক বায়ু পর্যবেক্ষণ প্রকল্পের প্যারামিটারের অংশ নয়। কিন্তু, কার্য চালাবার জন্য বায়ু পারমিটে এই প্রক্রিয়া থেকে উদ্ভুত উদ্বায়ী জৈব যৌগগুলির সীমা এবং নিয়ন্ত্রণের প্রয়োজনীয়তা আছে। একিউডি ক্রমাগত বিশ্লেষণাত্মক তথ্য পর্যালোচনা করে এটা দেখতে যে বায়ু পর্যবেক্ষণ যথেষ্ট হচ্ছে কিনা।

- D. এখানে সবজায়গায় ধূলো থাকার ব্যাপারে মন্তব্য ছিল এবং স্যুট পড়া মানুষদের ধূলো পরিষ্কার করার খবর ছিল। বাসিন্দাদের ওপর ধূলোর প্রভাব কি?

ইজিএলই, একিউডি এমন কোন ঘটনার কথা জানে না যেখানে "স্যুট পড়া মানুষরা" ধূলো পরিষ্কার করছিল। ইউএসই কেন্দ্র বর্জের প্রক্রিয়ায় পলাতক ধূলো তৈরি করে না। ধূলো নির্গত হতে পারে এমন সব কার্য একটি ঘোরা বাড়িতে রাখা হয় যেটি খণ্টাক চাপের অধীনে থাকে। ইউএসই-র বায়ু পারমিট অনুসারে, বিল্ডিং থেকে নিষ্কাশিত বায়ু প্রথমে নিয়ন্ত্রণ যন্ত্রের মধ্যে দিয়ে পাঠানো হয় যা বাইরের মুক্তির আগে কণাগুলিকে সরিয়ে দেয়।

ইউএসইতে রাখা মনিটর গুলি রাস্তার-ধূলিকোনার নমুনা নেয় কারণ মনিটরগুলির উদ্দেশ্য ছিল এটা নির্ণয়ে সাহায্য করা যে বাঁধানো পার্কিং যত ধূলা উৎপাত সমস্যায় সাহায্য করছে কিনা। এছাড়াও মনিটরগুলি তাদের ইন্সটলেশনের পর থেকে নির্মাণ ও পার্শ্ববর্তী রাস্তার কাজের উৎপাত ধূলোর নমুনা নিয়েছে। উপরন্ত, ইজিএলই-এর ডেট্রয়েটে বস্তুকণা

মনিটরের একটি বড় জাল আছে এবং এই মনিটরগুলি ফেডারেল স্বাস্থ্য সম্পর্কিত মান মেনে চলছে।

ইজিএলই পরামর্শ দেয় যা যখন নাগরিকরা দেখেন বা ধুলোর ব্যাপারে চিন্তিত হন, ইজিএলই, একিউডি ডেট্রয়েট জেলা অফিসে যোগাযোগ করতে ৩১৩-৮৫৬-৮৭০০ তে।
ইজিএলই কর্মীরা আসবেন, তদন্ত করবেন এবং হয়ত পরীক্ষাগার বিশ্লেষণের জন্য ধুলার নমুনা নেবেন।

D. আগুন ঝালানো থেকে বায়ু দূষণের ব্যাপারে কি?

ইউএসই কেন্দ্র কোনো কিছু পোড়ায় না এবং তার অনুমতি নেই। যদি কখন এই ধরণের কার্যকলাপ লক্ষিত হয়, তা সঙ্গে সঙ্গে জানানো উচিত ইজিএলই একিউডি ডেট্রয়েট জেলা অফিস ৩১৩-৮৫৬-৮৭০০ এ অথবা পিইএস হটলাইনে ৮০০-২৯২-৮৭০৬।

E. কেন ইউএসই কে ভুগর্ভস্ত জল পর্যবেক্ষণ এবং মাটি পর্যবেক্ষণের মওকুফ মঞ্চের করা হয়েছে?

মাটি পর্যবেক্ষণ প্রয়োজনীয়তা থেকে মওকুফ মঞ্চের করা হয়েছে কেন্দ্রের নকশা এবং অপারেটিং প্রয়োজনীয়তার ওপর ভিত্তি করে কোন বিপদজনক বর্জ্য মাটিতে পৌঁছায় না। যে সকল জায়গায় বিপদজনক বর্জ্য পরিচালিত হয় তা কংক্রিট বা আস্ফাল্ট দিয়ে বাঁধানো দরকার। কিছু বিশেষ এলাকা, যেমন ধারক ব্যাবস্থাপনা বিল্ডিং সংরক্ষণ খাড়ি এবং প্রক্রিয়া এলাকা আনলোডিং প্যাড, বাঁধানো জায়গা রাসায়নিক-প্রতিরোধী জিনিস দিয়ে আবৃত নকশাকে আরো উন্নত করতে এবং সংরক্ষণ এবং প্রক্রিয়া কার্য থেকে কোন মাটিতে নিকাশ রোধ করার জন্য।

জুন ১৯, ২০১৭ তে ইউএসই ভুগর্ভস্ত জল পর্যবেক্ষণ থেকে একটি সংশোধিত মওকুফ পেয়েছে। ডিনেকলকে একটি পূর্ববর্তী মওকুফ জারি করা হয়েছিল, কিন্তু জনগণের মন্তব্যের সময় এটা উল্লেখ করা হয় যে বিপদজনক বর্জ্য অপারেশনের একটি ছোট অংশ পুরোপুরি বৃষ্টিপাতার এবং রান-অফের থেকে সুরক্ষা দেয় এমন কাঠামোর তলায় নেই, যেটি এই মওকুফ র জন্য একটি প্রয়োজনীয়তা। ইউএসই আবেদন করেছিল এবং ম্যাজুর হয় একটি সংশোধিত মকুব সাইটের ভূতত্ত্ব এবং ইজিএলই এর একটি আবিষ্কারের থেকে যে এই কেন্দ্রের জীবনকালে এই কেন্দ্র থেকে কোন তরলের সর্বোচ্চ একুইফার পৌঁছনোর কোন সম্ভাবনা নেই। এই এলাকায় যে ভুগর্ভস্ত জল আছে তা সাধারণত পান করা যায় না এবং বৃহত্তর ডেট্রয়েট এলাকায় জিএলডাব্লুএ পানীয় জল সরবরাহ করে। ভুগর্ভস্ত জল পর্যবেক্ষণ মওকুফর বেশির ভাগ নির্ভর করা তথ্য পাওয়া গেছে নভেম্বর ১, ১৯৯৪ হাইড্রোজিওলোজিক্যাল তথ্য অংশ, ইউ.এস. ইকোলজি ডেট্রয়েট উন্নত (পূর্বে ডিনেকল) পারমিট আবেদনে। পূর্ববর্তী ১৯৮১, ১৯৮৩ এবং ১৯৮৮ সালের ভুগর্ভস্ত জলের তদন্তও এই নির্দেশিত নথিতে সংক্ষিপ্ত করা আছে।

IX. জনগণের অংশগ্রহণ

- A. মন্তব্যের সময়সীমা শনিবার, সেপ্টেম্বর ১২, ২০১৫ তে পড়ায়, যা একটি স্বাভাবিক কাজের দিন নয়, একটি আপত্তি ছিল এবং কোন মন্তব্য যা সোমবার সেপ্টেম্বর ১৪, ২০১৫ এর মধ্যরাত্রি অবধি জমা পড়েছে, সময়চিত হিসাবে গ্রহণ করা উচিত। প্রাপ্ত মন্তব্য ইঙ্গিত করে যে মন্তব্য সময় বাড়ানো উচিত আবেদন আরো পর্যালোচনার জন্য এবং এই গুরুত্বপূর্ণ নিয়ন্ত্রক সিদ্ধান্ত যার পরিবেশগত বিচার প্রভাব আছে তাতে জনগণের মতামত দেওয়ার জন্য।

যে সকল মন্তব্য, মন্তব্য শেষ হবার দিনে পাঠানো হয়েছে তাদের সময়চিত জমা বলে গ্রাহ্য করা হয়েছে। প্রাথমিক মন্তব্য সময় দুবার বর্ধিত হয়েছে, একবার অগাস্ট ২৮, ২০১৫ থেকে সেপ্টেম্বর ১২, ২০১৫ এবং আরেকটি দ্বিতীয় ও অন্তিম বা অক্টোবর ১২, ২০১৫ তে। জনগণের মন্তব্য আবার খোলা হয় ফেব্রুয়ারি ২২, ২০১৯ এ এবং বন্ধ হয় এপ্রিল ১২, ২০১৯ এ।

- B. একটি আপত্তি ছিল সম্পূর্ণ আবেদন ফাইলটি তার ইন্টারনেট ওয়েবসাইটে আপলোড করার ক্ষেত্রে ইজিএলই এর অনিচ্ছা বা অক্ষমতার জন্য।

আকারের বিধিনিষেধের কারণে ইজিএলই সম্পূর্ণ লাইসেন্স আবেদনটি আমাদের ইন্টারনেট ওয়েবসাইটে আপলোড করতে পারে নি। ওয়েবসাইট পেজটি বলছে যে যদি সম্পূর্ণ লাইসেন্স আবেদনের বৈদ্যুতিক প্রতিলিপি চাওয়া হয়, জনাব রিচার্ড কনফর্মেন্ট সাথে যোগাযোগ করতে অথবা তাদের ওয়ারেন (পূর্বে দক্ষিণ পূর্ব মিশিগান) জেলা অফিসে দেখতে।

- C. বাসিন্দাদের যে বিজ্ঞপ্তি পাঠানো হয়েছিল তা বোধগম্য নয় বলে উদ্বেগ ছিল।

ইজিএলই প্রতিক্রিয়া পেয়েছিলো যে ২০১৫ বিজ্ঞপ্তির পাঠ্যোগ্যতা খারাপ ছিল। ২০১৯ এর জনগণের মন্তব্যের সময়, জন বিজ্ঞপ্তি একটি প্রচার পত্র এবং সভার কর্মসূচির সাথে পাঠ্য হয়েছি তথ্য সহজ ভাষায় দেবার জন্য। ইজিএলই ভবিষ্যতের বিজ্ঞপ্তিতে আরো বিস্তারিত তথ্য দেবে যাতে দেওয়া বার্তা সহজে বোঝা যায়।

- D. অগাস্ট ১৮, ২০১৫ এর শুনানিতে বলা হয়েছিল যা জনগণ ইউএসই খসড়া লাইসেন্স কন্যান্টের ন্যাপ পাবলিক লাইব্রেরিতে পর্যালোচনা করতে পারে, কিন্তু এটা কখন সম্ভব হয় নি কারণ ন্যাপ লাইব্রেরি বন্ধ ছিল এবং আজকের তারিখ অবধি বন্ধ রয়েছে। সবাই অনলাইন প্রোগ্রাম ডাউনলোড করতে পারে না বা ক্যাডিলাক প্লেস ইজিএলই ক্ষেত্রে অফিস যেতে পারে না, যেখানে পার্কিং ব্যায় বহুল; তাই তথ্যের অভাবে জনগণের জন্য এই বিষয়টি ভালো ভাবে দেখে বুদ্ধিমান প্রতিক্রিয়া দেওয়া কঠিন। অধিকতর, হামট্রামিক লাইব্রেরিতে সম্পূর্ণ জন শুনানি নকল ছিল কারণ সব সময় "জনগণের প্রশ্নের কোন উত্তর দেওয়া হবে না" বলা হয়েছিল। শুনানিতে কোন প্রশ্নের উত্তর দেওয়া হয় নি।

এটা বলা হয়েছিল যে ন্যাপ পাবলিক লাইব্রেরি ভবিষ্যতের নথির একটি সংগ্রহ হিসাবে ব্যবহৃত হবে। এই তারিখের হিসাবে ন্যাপ পাবলিক লাইব্রেরি খোলা। ঘটনাচক্রে লাইব্রেরি যদি বন্ধ হয়, অন্য স্থানীয় শাখা চিহ্নিত হবে এবং সংগ্রহ হিসাবে ব্যবহৃত হবে। প্রথম জনগণের মন্তব্যের সময় ২০১৫ তে, তিনটি নথির সংগ্রহ ছিল, যার সব কটি ইজিএলই অফিস। একটি ল্যাংসিং, একটি ডেট্রয়েট এবং তৃতীয়টি ওয়ারেনে।

প্রথাগত পাবলিক শুনানির উদ্দেশ্য আরও বিবেচনার জন্য সাক্ষ্য গ্রহণ করা হয়। এটা জনগণের উদ্বেগের সুরাহা করে না জেনে, ইজিএলই কর্মীরা গণশুনানি শেষের পরে দর্শকদের কাছে উপলব্ধ ছিল। উপরন্তু, ইজিএলই কর্মীদের যোগাযোগ তথ্য বিভিন্ন মেইলিং, বিজ্ঞপ্তি এবং জন তথ্য সংগ্রহে দেওয়া হয়েছিল তেমন লোকদের জন্য যাদের প্রশ্ন আছে উত্তর পাওয়ার জন্য। জনগণের বিশাল উৎসাহের ফলে, একটি জনগণের প্রাপ্ততা অধিবেশন এবং সভা আয়োজিত এবং অনুষ্ঠিত হয় অগাস্ট ১, ২০১৫ তে ইজিএলই ও ইউএসই এর থেকে প্রশ্ন উত্তরের সুবিধা দিতে।

- E. সম্পূর্ণ জন শুনানির প্রক্রিয়া সঠিক ভাবে বা খোলাখুলি ভাবে পরিচালিত হয় নি। একটি ডেট্রয়েট শহরের সাথে নিবন্ধীকৃত অলাভজনক সংস্থা জোনিং শুনানি এবং অন্যান্য জন শুনানির বিজ্ঞপ্তি পে, কিন্তু এটি প্রাথমিক ইজিএলই সভা যা অগাস্ট ১৮, ২০১৫ তে হামট্রামক পাবলিক লাইব্রেরিতে হয়েছিল বা অন্য কোন আগের শুনানি যা ইউএসইকে অনুমোদন করে তার কোন বিজ্ঞপ্তি পায় নি। কেন সম্প্রদায়কে সম্প্রসারণের সিদ্ধান্ত গ্রহণের পরে জানানো হলো? উপরন্তু, ইজিএলই অগাস্ট ১৮, ২০১৫ এর জন শুনানি কেন হামট্রামক পাবলিক লাইব্রেরিতে করলো যেখানে ইউএসই পরিষ্কার ভাবে ডেট্রয়েট শহরে অবস্থিত?

জনগণের অংশগ্রহণের প্রক্রিয়া পার্ট ১১১ এবং তার নিয়ম মেনে চলছে, কিন্তু ইজিএলই উত্থাপিত উদ্বেগের ভিত্তিতে আমাদের জনগণের অংশগ্রহণের প্রক্রিয়া উন্নত করছে। এই প্রক্রিয়ার জন্য, ইউএসইকে, সম্প্রসারণের জন্য একটি পূর্ব-আবেদন সভার বিজ্ঞপ্তি দেওয়া হয় এবং সভাটি নভেম্বর ২০১২ তে করা হয়। ইজিএলই গণশুনানির বিজ্ঞপ্তি, ইন্টারনেটের মাধ্যমে এবং বিভিন্ন ইজিএলই অফিসে এই সকল নথি কিভাবে পাওয়া যায় সেই তথ্য এবং মন্তব্য করার সুযোগ প্রদান করছে। এই বিজ্ঞপ্তি স্থানীয় সংবাদপত্রে, একটি স্থানীয় রেডিও স্টেশনে এবং কেন্দ্রের মেইলিং লিস্টে, কান্ট্রি ও শহরের কর্মকর্তাদের সাথে প্রদান করা হয়। এই বিজ্ঞপ্তি ইজিএলই-এর বৈদ্যুতিক ক্যালেন্ডার এবং ডেট্রয়েট শহরের ওয়েব পেজে পোস্ট করা হয়। উপরন্তু, এই বিজ্ঞপ্তিটি ইউ.এস. পোস্টাল মেইল করে কেন্দ্রের এক-মাইল ব্যাসার্ধের মধ্যে অবস্থিত বাসিন্দাদের পরিবেশগত বিচার উদ্বেগ বিবেচনা করে একটি উন্নত জনগণের অংশ গ্রহণ পদ্ধতির অংশ হিসাবে পাঠানো হয়। হামট্রামক পাবলিক লাইব্রেরিটি নির্বাচিত হয় কারণ এটি কেন্দ্রের নিকটতম পাবলিক বিল্ডিং যা কেন্দ্রের নিকটবর্তী বাসিন্দাদের শুনানি যোগ দিতে সুবিধা করে।

- F. মার্চ ২৮, ২০১৯ মিটিং খারাপ ভাবে পরিচালিত হয়, এবং তথ্য সহজলভ্য নয়। কিভাবে আপনি এর প্রতিকার করতে চান?

মার্চ ২৮, ২০১৯ এর উদ্দেশ্য ছিল লাইসেন্স ক্রিয়া সংক্রান্ত তথ্য ভাগ করে নেওয়া এবং সম্প্রদায়কে তাদের প্রশ্নের উত্তর ইজিএলই কর্মীদের থেকে পাওয়ার একটি অর্থপূর্ণ সুযোগ দেওয়া। সভার উপকরণ এমন ভাবে তৈরি হয়েছিল যাতে আগে খেয়াল না করা ভাষা প্রাচীরের মোকাবেলা করা যায়। যদিও সভাকালে প্রযুক্তিগত অসুবিধা হয়েছিল, সভার লক্ষ্য তাও পূরণ হয়েছিল। এই পুনঃলাইসেন্সিং প্রক্রিয়ায় ব্যাবহাত উন্নত জন অংশগ্রহণ ইজিএলই, মেটেরিয়াল ম্যানেজমেন্ট ডিভিশনের ভবিষ্যৎ জন অংশগ্রহণ প্রক্রিয়ার ভিত্তি হিসাবে ব্যাবহাত হবে।

- G. যদি এলাকাটি "নিবিড় শিল্প" হিসাবে চিহ্নিত হয়, কি করে এই জোনে পরিবার সমেত বাড়ি আছে?

ইউএসই-র বর্তমান অবস্থান এখন "এম৪" বা "নিবিড় শিল্প" হিসাবে ডেটায়েট শহর জোনিং ডিভিশন দ্বারা চিহ্নিত হয়েছে। মট. এলিয়ট এভিনিউর নিকটবর্তী সম্পত্তি "আর২" বা "দুই পরিবার আবাসিক" হিসাবে চিহ্নিত হয়েছে। শহর অধ্যাদেশের অধীনে ইজিএলই শহর জোনিং কর্ম নির্ধারণ না।

- H. আমি কেন আমার এমন একটি স্বাস্থ্য ঝুঁকি চাইবো?

দুর্ভাগ্যবশত, রাসায়নিক পরিচালনার ঝুঁকি আছে। এই ঝুঁকি কমাবার জন্য ইজিএলই নির্দিষ্ট নকশা, নির্মাণ এবং কার্য প্রয়োজনীয়তা প্রতিষ্ঠা করেছে রাজ্য এবং ফেডারেল অনুসারে নিকাশ আটকাতে এবং এটা নিশ্চিত করতে যে বিপদজনক বর্জ্য প্রক্রিয়া এবং সংরক্ষণ কেন্দ্র কোন বিপদ না আনে। যদিও ঝুঁকি কমিয়ে শূন্য করা যাবে না, বিপদজনক বর্জ্যের আইনি ব্যবস্থাপনা মানুষের স্বাস্থ্য এবং পরিবেশের জন্য ভালো বিপদজনক বর্জ্যের অব্যবস্থাপনা বা শূন্য ব্যবস্থাপনার চাইতে।

X. টেকনিক্যালি এনহ্যান্সড ন্যাচারালি ওকারিং রেডিওএক্টিভ ম্যাটেরিয়ালস (টিইএনওআরএম: টেনোরম)

- A. প্রস্তাবিত লাইসেন্সটি কেন্দ্র টেনোরম গ্রহণ ও প্রক্রিয়া সম্প্রসারণ করবে কিনা সেই বিষয়ে মতব্য ছিল। অনলাইনে পোস্ট করা তথ্যের বিবরণ এবং অন্যান্য নথির মোলায়েম চালিত ভাষা সত্ত্বেও, যেখানে ফ্র্যাকিং ঘোগাযোগ মেনে নেওয়া অঙ্গীকার করা হয়েছে, প্রমাণিত ভাবে ইউ.এস. ইকোলজি ডেট্রয়েটে তাদের কেন্দ্র সম্প্রসারণ করছে একটি বড় অংশে ড্রিলিং ওয়েস্ট অর্থাৎ তেল ও গ্যাসের জন্য জলবাহী ভাঙ্গার জন্য, প্রক্রিয়া ও নিষ্পত্তি করার জন্য। অনসাইটে থাকা উপকরনের উপস্থিতির জন্য, এবং সরঞ্জাম ও পরিকাঠামোর জন্য, তেজক্সে ফ্র্যাকিং বর্জ্যের ডাউনলোডিং অনঙ্গীকার্য, তার সাথে যুক্ত হচ্ছে ইউ.এস. ইকোলজির তেজক্সে বর্জ্য পদার্থ পরিচালনার ইতিহাস।

এই লাইসেন্স এবং সম্প্রসারণ টেনোরম-এর সাথে যুক্ত নয় যা ঐতিহাসিক ভাবে এই কেন্দ্রে পরিচালিত হয়েছিল। বিপদজনক বর্জ্য প্রয়োজনীয়তার অধীনে টেনোরম নিয়ন্ত্রিত হয় না, তাই বিপদজনক বর্জ্য লাইসেন্স টেনোরোমের গ্রহণ ও প্রক্রিয়া প্রশ্ন করে না। ইউএসই স্বেচ্ছায় এই কেন্দ্রে টেনোরম গ্রহণ বন্ধ করেছে। এটি ডেট্রয়েট শহরের সাথে তাদের হোস্ট

কমিউনিটি চুক্তিতে নথিভুক্ত আছে। আগেকার টেনোরম প্রক্রিয়া কঠিন বর্জ্য প্রক্রিয়া এলাকায় পরিচালিত হত, এবং চালু থাকতে পারতো, এমনকি যদি প্রস্তাবিত বিপদ্জনক বর্জ্য লাইসেন্স সম্প্রসারণ অস্বীকৃত হত।

ইউএসই টেনোরম গ্রহণ ও প্রক্রিয়া শুরু করার আগে, ইউএসই এমএমডি, তেজস্ক্রিয় সুরক্ষা প্রোগ্রামে নিবন্ধন করে ছিল। তেজস্ক্রিয় সুরক্ষা প্রোগ্রাম কর্মীরা ইউএসই-র টেনোরম পরিচালনার জন্য কার্য্য পরিকল্পনা পর্যালোচনা করেছিল। কেন্দ্রটি সেইসময় অনুমোদিত ছিল একটি মিক্সিং বিন, পিট্ৰ নম্বর ১ বিল্ডিং ৪ এ টেনোরম প্রক্রিয়া করার জন্য।

ইউএসই বিপদ্জনক বর্জ্য লাইসেন্স আবেদনে এমন কিছু নেই যা বলে যে ইউএসই প্রক্রিয়া ক্ষমতায় টেনোরম যোগ করবার পরিকল্পনা করছে। উপস্থিত অন-সাইট উপকরণ এবং সরঞ্জাম কঠিন বর্জ্য সংরক্ষণের কঠিনীভবন প্রক্রিয়ার ফল যা আলাদা ভাবে লাইসেন্স করা হয় পার্ট ১১৫, সলিড ওয়েস্ট ম্যানেজমেন্ট, মিশিগান ন্যাচারাল রিসোৰ্সেস এবং এনভায়রনমেন্টাল প্রটেকশন একট ১৯৯৪ একট ৪৬১ ঘেমন সংশোধিত ও তার নিয়মের। ইউএসই-র কঠিন বর্জ্য সংরক্ষণ ও প্রক্রিয়া তাদের কঠিন বর্জ্য লাইসেন্স অনুসারে হবে। ইউএসই-র কঠিন বর্জ্য লাইসেন্সের বিষয়ে তথ্যের জন্য দয়া করে যোগাযোগ এমএমডি, কঠিন বর্জ্য প্রোগ্রাম কর্মীদের ৫৮৬-৭৫৩-৩৮৫২ এ।

- B. এটা সম্ভব যে ইউ.এস. ইকোলজির তেজস্ক্রিয়তা নির্ণয়ক যন্ত্র হয় নেই নতুবা, একেবারেই অপর্যাপ্ত, যদি কোন থাকে। ইন্টারনেটের নথিতে এমন কোন প্রমান নেই যে কর্মী বা জনগণের সদস্যদের মধ্যে, প্রভাবিত আশপাশের এলাকায় দিয়ে ট্রাক যা তেজস্ক্রিয় ফ্ল্যাকিং বর্জ্য পৌঁছে দিচ্ছে বা সরাচ্ছে, এই মাল সম্পর্কে যথেষ্ট আগাম তথ্য আছে। পূর্ববর্তী বিবৃতিদের ওপর ভিত্তি করে, ইউএসই-র কেন্দ্রের সম্প্রসারণ নিয়ে বাধা ছিল যা বড় আকারের তেজস্ক্রিয় পদার্থকে অনুমতি দিত যেন তারা নগন্য বা অতেজস্ক্রিয়। কোন বিল্লেষণ এমন কোন অনুমান বা সীমা দেয় না যে কত পরিমান তেজস্ক্রিয় পদার্থ সাইটটি (ইচ্ছাকৃত ভাবে বা অসাবধানতা বশত) গ্রহণ, প্রক্রিয়া, সংরক্ষণ এবং নিষ্কাতি দিতে পারে ইউএসই প্লান্টের এলাকায়। কোন তদন্ত ইউএসই সংলগ্ন এলাকা বায়ু দ্বারা বা জলের প্রবাহ দ্বারা বিকিরণ মাত্রায় উন্মুক্ত হবে তার ইঙ্গিত দেয় নি, যদিও এটা নিশ্চিত যে ফ্ল্যাকিং বর্জ্যের পথে বা সাইট থেকে বা সাইটের সংরক্ষণ থেকে নিয়মিত ভাবে বায়ু বাহিত এবং সম্ভবপর জলবাহিত তেজস্ক্রিয় বিকিরণ হবে।

ফেডারেল আইনের অধীনে, টেনোরম ইউনাইটেড স্টেটস ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশন (ইউ.এস. ডট) নিয়ম দ্বারা বিপদ্জনক বর্জ্য হিসাবে নিয়ন্ত্রিত হয় না। ইউ.এস. ডট হয়তো চাইবে টেনোরমের চালান প্ল্যাকার্ড করা যদি চালানটি নির্দিষ্ট কার্যকলাপ কেন্দ্রীকরণ অতিক্রম করে। যেহেতু টেনোরম একটি বিপদ্জনক বর্জ্য হিসাবে নিয়ন্ত্রিত হয় না, এটিকে বিপদ্জনক বর্জ্য কেন্দ্রে শোধনের দরকার হয় না। ইউএসই তো বিপদ্জনক বর্জ্য প্রক্রিয়া করতে অনুমোদিত কিন্তু এটি অ-বিপদ্জনক বর্জ্যও প্রক্রিয়া করতে আটকানো নয়। ইউএসই টেনোরম প্রক্রিয়া করতে আবেদন করেছিল, যা তেজস্ক্রিয় সুরক্ষা প্রোগ্রাম দ্বারা পর্যালোচিত এবং অনুমোদিত হয়েছে। ফলে, কেন্দ্রে একটি তেজস্ক্রিয় পদার্থ নিবন্ধীকরণ জারি হয়েছিল যার মধ্যে নির্দিষ্ট নিবন্ধন শর্ত

ছিল যে ধরণের তেজস্ক্রিয় পদার্থ যা প্রক্রিয়া করা যাবে, জনগণের এবং কর্মীদের স্বাস্থ্য জন্য পদক্ষেপ নিতে হবে এবং পদার্থগুলোকে সঠিক ভাবে পরিচালনা হচ্ছে তা নিশ্চিত হবার পদক্ষেপ। পূর্বে উল্লেখ হিসাবে, ইউএসই স্বেচ্ছায় টেনোরম বর্জ্য গ্রহণ করা বন্ধ করেছে এবং এই কেন্দ্রে এই কাজ আর শুরু না করার জন্য হোস্ট কমিউনিটি এগ্রিমেন্টে সম্মত হয়েছে।

- C. যদিও ইউএসই কেন্দ্রতে তাপ এবং অনুঘটক বাস্প দহনযন্ত্র আছে, তেজস্ক্রিয়তা পর্যবেক্ষণের বা অনলাইন লাইসেন্স উপকরণে ধরার কোন উল্লেখ নেই।

লাইসেন্সের নথি কেন্দ্রে তাপ এবং অনুঘটক বাস্প দহন প্রক্রিয়ায় তেজস্ক্রিয়তার কোন উল্লেখ নেই কারণ কেন্দ্রে কোন দহন প্রক্রিয়া নেই। প্রস্তাবিত সম্প্রসারণে কোন দহন প্রক্রিয়া নেই, তাপ বা অনুঘটকের বাস্পের। পূর্বে উল্লেখ হিসাবে, ইউএসই স্বেচ্ছায় টেনোরম বর্জ্য গ্রহণ করা বন্ধ করেছে এবং এই কেন্দ্রে এই কাজ আর শুরু না করার জন্য হোস্ট কমিউনিটি এগ্রিমেন্টে সম্মত হয়েছে।

- D. কোন বর্জ্য গ্রহণ, পর্যবেক্ষণ, প্রশিক্ষণ বা জরুরী প্রতিক্রিয়া এবং উপশম পরিকল্পনাতে তেজস্ক্রিয় পদার্থ, বর্জ্য, বিকিরণ বা নিকাশের পরিকল্পনার উল্লেখ নেই।

ইউএসই কেন্দ্র লাইসেন্স আবেদনের ডাব্লিউএপিতে একটি বিবৃতি আছে যে এই কেন্দ্রটি তেজস্ক্রিয় মিশ্র বর্জ্য গ্রহণ করবে না। এই নিষেধাজ্ঞা অ্যাটমিক এনার্জি একট ১৯৫৪, যেমন সংশোধিত, এর অধীনে নিম্নস্তরের তেজস্ক্রিয় বর্জ্য বিষয় প্রযোজ্য। টেনোরম একটি নিয়ন্ত্রিত বিপদজনক বর্জ্য নয়। অতএব এটি এই বিপদজনক বর্জ্য লাইসেন্সিং কর্মে আলোচনা করা হয় নি এবং তালিকাভুক্ত কোন লাইসেন্স নথি তেজস্ক্রিয় পদার্থের চালনা আলোচনা করে না। তেজস্ক্রিয় পদার্থ নিবন্ধন নথিতে থাকবে যে ধরণের তেজস্ক্রিয় পদার্থ যা প্রক্রিয়া করা যাবে, জনগণের এবং কর্মীদের স্বাস্থ্য জন্য পদক্ষেপ নিতে হবে এবং পদার্থগুলোকে সঠিক ভাবে পরিচালনা হচ্ছে তা নিশ্চিত হবার পদক্ষেপ শর্তগুলি থাকবে। পূর্বে উল্লেখ হিসাবে, ইউএসই স্বেচ্ছায় টেনোরম বর্জ্য গ্রহণ করা বন্ধ করেছে এবং এই কেন্দ্রে এই কাজ আর শুরু না করার জন্য হোস্ট কমিউনিটি এগ্রিমেন্টে সম্মত হয়েছে। ইউএসই-র তেজস্ক্রিয় পদার্থ নিবন্ধনের তথ্যের জন্য, দয়া করে যোগাযোগ করুন এমএমডি, রেডিওলজিক্যাল প্রটেকশন প্রোগ্রাম স্টাফ ৫১৭-২৮৪-৬৫৮১।

- E. এই কেন্দ্রের নির্মাণ ও কাজ ছাঁদা হয়েছে

পারমিট-সংক্রান্ত যা অনলাইনে উপলব্ধ জন স্বাস্থ্য ও পরিবেশে একটি বিপদ প্রদর্শন করে। আবেদনকারী জনগণের মন্তব্য করার জন্য বিশেষ করে বিপদ সম্পর্কে (কারণ ফ্র্যাকিং বর্জ্যের গ্রহণ, পরিচালনা এবং নিষ্ক্রিয় সম্পর্কে কপট ইউফেমিজিঙ থাকার জন্য) এবং ইজিএলই লাইসেন্স জারি করা হবে কিনা সেই বিষয়ে একটি যুক্তিসংগত বিবেচনার জন্য যথেষ্ট বা সঠিক তথ্য দেয় নি।

ইউএসই লাইসেন্স আবেদন প্রয়োজনীয় তথ্য যোগায় যা ইজিএলই-এর লাগবে লাইসেন্স আবেদনের মানদণ্ডের বিরুদ্ধে বিপদজনক বর্জ্য ব্যবস্থাপনা পর্যালোচনা করতে যা পার্ট ১১১ এবং তার নিয়মে নির্দিষ্ট করা আছে। আবেদনটি ফ্র্যাকিং বর্জ্য (এবং সংযুক্ত

টেনোরম) এর গ্রহণ, পরিচালনা এবং নিষ্পত্তি এড়ায় নি কারণ পার্ট ১১১ এবং তার নিয়ম টেনোরম নিয়ন্ত্রণ করে না। আগে বলা অনুসারে, ইউএসই স্বেচ্ছায় টেনোরম বর্জ্য গ্রহণ করা বন্ধ করেছে এবং তাদের হোস্ট কমিউনিটি চুক্তিতে এই কেন্দ্রে এই কাজ শুরু না করার কথা দিয়েছে।

- F. আবেদনে কেন্দ্রটি বলেছে "কেন্দ্র মিশ্র তেজস্ক্রিয় বর্জ্য গ্রহণ করে না।" এটা আশ্চর্যকর, কারণ আমরা জানি ফ্র্যাকিউল স্যান্ডের অনেক চালান পেনসিলভানিয়ার রীতিবিরুদ্ধ কৃপ থেকে এই ঠিকানায় পাঠানো হয়েছে।

ইউএসই লাইসেন্স আবেদন তেজস্ক্রিয় মিশ্র বর্জ্য গ্রহণ করা হয় না এই বিবৃতিতে সঠিক। ফ্র্যাকিউল বর্জ্যের সাথে যুক্ত অবস্থায় টেনোরম সংজ্ঞা অনুসারে একটি তেজস্ক্রিয় মিশ্র বর্জ্য নয় এবং তাই পার্ট ১১১ ও তার নিয়ম দিয়ে নিয়ন্ত্রিত নয়। পূর্বে উল্লেখ হিসাবে, ইউএসই স্বেচ্ছায় টেনোরম বর্জ্য গ্রহণ করা বন্ধ করেছে এবং এই কেন্দ্রে এই কাজ আর শুরু না করার জন্য হোস্ট কমিউনিটি এগ্রিমেন্টে সম্মত হয়েছে।

XI. পরিবহন

- এ. এই কেন্দ্রে বর্জ্য বহনকারী অতিরিক্ত ট্রাকগুলি মিশিগানের পরিবেশকে আরো বড় ঝুঁকিতে ফেলে এবং শব্দ দূষণের জন্য বর্ধিত সুযোগ তৈরি করে।

বিপদজনক বর্জ্য, বিপদজনক পদার্থ, তরল শিল্পের উপজাত দ্রব্য এবং কঠিন বর্জ্য সব মিশিগানের রাস্তা ও রেলপথ দিয়ে দৈনিক নিরাপদে পরিবাহিত হয়। পরিবহন ব্যবসার নিয়ন্ত্রণ, এবং যাত্রাপথ থাকার প্রয়োজনীয়তা, বিশেষ প্যাকেজিং, গাড়ির পর্যবেক্ষণ মিশিগান ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশন (এমডিওটি) এবং মিশিগান স্টেট পুলিশ (এমএসপি)র অধীনে পরে, ইজিএলই-র নয়। ইউ.এস. ডট প্রকল্পের অধীনে এমএসপি মোটর ক্যারিয়ার এবং গাড়ির পরিদর্শন করে। বিপদজনক পদার্থের পরিবহনের ইউ.এস. ডট নিয়মের জন্য, দয়া করে এমএসপি কে যোগাযোগ করুন ৭৩৪-৭৮০-৬৫৩৪ এ।

ইজিএলই মিশিগান হ্যাজার্ডআস মেটেরিয়াল ট্রান্সপোর্টেশন একট ১৯৯৮ পিএ ১৩৮ কার্যকর করে যাতে প্রয়োজন হয় যে যখন কোন ব্যাক্তি বিপদজনক বর্জ্য এবং/বা তরল শিল্প উপজাত দ্রব্য পরিবহন করছে, পরিবহনের আগে তাকে একটি পারমিট এবং নিবন্ধন পেতে হবে। পরিবহন অনুমোদন বিপদজনক বর্জ্য সংরক্ষণ এবং প্রক্রিয়া লাইসেন্স থেকে পৃথক প্রাপ্ত হয়। পরিবহন পারমিট প্রতি তিন বছরে নবায়ন করতে হবে এবং পরিবহন নিবন্ধীকরণ প্রতিবছর নবায়ন করতে হবে। একটি পরিবহন ঘটনার সময় সঠিক প্রতিক্রিয়া নিশ্চিত করতে, বিপদজনক বর্জ্য পরিবাহকদের আপদকালীন ঘটনার জন্য ফ্লিট লায়াবিলিটি বীমা প্রতি ঘটনার জন্য \$১,০০০,০০০ কম নয় বজায় রাখার প্রয়োজন হয়। তরল শিল্প উপজাতের পরিবাহকদের এই ফ্লিট লায়াবিলিটি বীমা বজায় রাখতে হয় \$৩০০,০০০ থেকে \$৭৫০,০০০, তাদের ফ্লিটের আয়তনের ওপর নির্ভর করে। ইউএসই মিশিগানে বিপদজনক বর্জ্য এবং তরল শিল্প উপজাত উভয়ই পরিবহন করার জন্য অনুমতি প্রাপ্ত এবং নিবন্ধীকৃত। ইউএসই-র পরিবহন পারমিট এবং রেজিস্ট্রেশন

সংক্রান্ত প্রশ্নের জন্য দয়া করে এমএমডি, পরিবহন প্রোগ্রাম কর্মীকে যোগাযোগ করুন ৫৮৬-৪৯৪-৫০৯১ তে।

পরিবহন পারমিট এবং নিবন্ধনীকরণ প্রয়োজনীয়তা ছাড়াও, লাইসেন্সে অতিরিক্ত সতর্কতার জন্য কেন্দ্রটি সংযোগ করতে একটি প্রধান পরিবহন পথ প্রতিষ্ঠা করা রয়েছে। অনন্য পরিস্থিতিতে একটি বিকল্প পথ ব্যবহার করার ক্ষেত্রে ইজিএলই এবং স্থানীয় সরকারি অনুমোদন প্রয়োজন। এছাড়াও লাইসেন্স কর গুলি বিপদ্জনক বর্জ্যের ট্রাক কেন্দ্রে আসতে পারে তার দৈনিক সীমা আছে।

ডেট্রয়েট শহরে বর্তমানে কোন অনুমোদন যোগ্য শব্দ সীমার শহর অধ্যাদেশ নেই। হ্যাম্প্রামক, কেন্দ্রের এক মাইলের চারের দশ ভাগ দূরে এবং সবচেয়ে নিকট যেখানে ব্যবসা ঘনটায় শব্দের সীমা রেখেছে ৭১ ডেসীবেল এবং কোন সম্পত্তি নির্মাণের জন্য ১০৫ ডেসীবেল। ইজিএলই তাই স্থানীয় অধ্যাদেশ বা তার অভাব প্রয়োগ করে না।

লাইসেন্স পরিবর্তনসমূহ

A. আবেদন জুড়ে এবং পারমিট সংযুক্তিতে আগের মালিক ডিনেকলের অনেক উল্লেখ আছে, এবং ইউএসই-র নেই। নথি গুলিতে নাম পরিবর্তন প্রতিফলিত হওয়া উচিত এবং এটি সত্যায়ন করা উচিত প্রক্রিয়া এবং পদ্ধতি যা ইউএসই দ্বারা অনুসরণ করা হয়।

এই মন্তব্য প্রতিফলন করতে লাইসেন্সটি সংশোধিত হয়েছে। নিম্নলিখিত বাক্যটি পার্ট। স্ট্যান্ডার্ড শর্তে যোগ করা হয়েছে: এই লাইসেন্সের সর্বত্র, ডিনেকল শব্দটি ইউএস ইকোলজি বা ইউএসই-র সাথে সমার্থক এবং ডিনেকল সম্পর্কিত যে কোন প্রক্রিয়া বা পদ্ধতি ইউএসই দিয়েও অনুসরণ করতে হবে।

B. পার্ট II সাধারণ অপারেটিং শর্তাবলী (I) ৪, রেকর্ড রাখা এবং প্রতিবেদন পরিবেশগত নজরদারির তথ্য বা ডাটা বিল্ডিংস, সেফটি ইঞ্জিনিয়ারিং এন্ড এনভায়রনমেন্ট ডিপার্টমেন্ট - এনভায়রনমেন্টাল অ্যাফেয়ার্সকে দেবে যার কেন্দ্রটির ওপর এক্সিয়ার আছে। এই তথ্য বা ডাটা একই দিনে লাইসেন্স এমএমডি পরিচালককে পাঠিয়ে উপলব্ধ করবে।

এই মন্তব্য প্রতিফলন করতে লাইসেন্সটি সংশোধিত হয়েছে। শর্ত II.I.৪ এখন : লাইসেন্স অনুসারে, লাইসেন্স পরিবেশগত পর্যবেক্ষণ তথ্য বা ডাটা, ডেট্রয়েট শহর বিল্ডিংস, সেফটি ইঞ্জিনিয়ারিং এন্ড এনভায়রনমেন্ট ডিপার্টমেন্ট - এনভায়রনমেন্টাল অ্যাফেয়ার্সকে দেবে যার কেন্দ্রটির ওপর এক্সিয়ার আছে। এই তথ্য বা ডাটা একই দিনে লাইসেন্স এমএমডি পরিচালককে পাঠিয়ে উপলব্ধ করবে।

C. সংযুক্তি ৬ ইঞ্জিনিয়ারিং পরিকল্পনার অঙ্কন এ ১-৫ এবং এসকে-১ "সম্ভাব্য ধারক সংরক্ষণ জায়গা" হিসাবে বলা হয়েছে একটি পরিষ্কার বাইরের জায়গাকে প্রস্তাবিত বাড়ি ৫এ-এর দক্ষিণ দিকে। বাইরের সংরক্ষণ ইউএসই-এর ভুগর্ভস্ত জল পর্যবেক্ষণ ওয়েভারকে বাতিল করে। লাইসেন্সে একটি প্রয়োজনীয়তা থাকা দরকার যে ইউএসই ভুগর্ভস্ত জল পর্যবেক্ষণ করবে।

অঙ্কন এ-৫ এবং এসকে-১ দুটোই "সন্তাব্য ধারক সংরক্ষণ জায়গা" চিহ্নিতকরণে ভুল ছিল। এছাড়া লাইসেন্স আবেদনে বিল্ডিং ৫এ-র দক্ষিণে সন্তাব্য ধারক সংরক্ষণ জায়গার আর কোন উল্লেখ নেই। তাছাড়াও, এই অবস্থানে ধারক সংরক্ষণ বিল্ডিং ৪ এর ট্রাক ড্রাইভে হস্তক্ষেপ করবে। অঙ্কন এ১-৫ সন্তাব্য ধারক সংরক্ষণ জায়গার উল্লেখ মুছে ঠিক করা হয়েছিল এবং অঙ্কন এসকে-১ অপ্রয়োজনীয় বলে ধরা হয়েছিল এবং সংযুক্তি ৬ থেকে সরিয়ে ফেলা হয়েছিল। জুন ১৯, ২০১৭ তে ইউএসই একটি পরিবর্তিত ওয়েভার পায় ভুগ্ভূত জল পর্যবেক্ষন প্রয়োজনের জন্য, কারণ কেন্দ্রটির জীবনকালে স্থান কোন সন্তাব্য কেন্দ্র থেকে তরলের উচ্চতম একুইফারে যাওয়ার সম্ভবনা ছিল না।

- D. **সংযুক্তি 4-আকস্মিক পরিকল্পনা:** আপডেট প্রয়োজন, ডেট্রয়েট শহর হোমল্যান্ড সিকিউরিটি এন্ড ইমার্জেন্সি ম্যানেজমেন্টকে জরুরি যোগাযোগ হিসাবে অন্তর্ভুক্ত করা প্রয়োজন।

আকস্মিক পরিকল্পনায় ডেট্রয়েট শহর হোমল্যান্ড সিকিউরিটি এন্ড ইমার্জেন্সি ম্যানেজমেন্টকে জরুরি যোগাযোগ হিসাবে যোগ করা হয়েছে। কেন্দ্র দ্বারা আকস্মিক পরিকল্পনাটি নিয়মিত পর্যালোচনা এবং আপডেট হয়।

- E. **শর্ত V.বি.১ একটি স্প্রেডশীটে ট্যাঙ্ক ৩৬কে বিপদজনক বর্জ্য স্টোরেজ ট্যাঙ্ক হিসাবে চিহ্নিত করেছে।** ট্যাঙ্ক ৩৬ আসলে একটি প্রক্রিয়া ট্যাঙ্ক। ট্যাঙ্ক ৩৬ ডিএএফ ইউনিট থেকে ভাসমান ফ্লোক সংগ্রহ করে এবং পরবর্তী কালে সেকেন্ডারি ট্রিটমেন্ট ট্যাঙ্কে পাঠিয়ে দেয়। ট্যাঙ্ক ৩৬ পার্ট V (সি)(১) এ অন্তর্ভুক্ত হওয়া উচিত।

এই মন্তব্যটির মোকাবিলা করার জন্য ট্যাঙ্ক ৩৬কে শর্ত V.বি.১ থেকে সরিয়ে ফেলা এবং লাইসেন্সের শর্ত V.সি.১ যোগ করা উচিত। স্টোরেজ ট্যাঙ্ক তালিকা থেকে ট্যাঙ্ক ৩৬ সরানোর সাথে সাথে, ট্যাঙ্ক সংরক্ষণ ক্ষমতার মোট আয়তন ১৭৭,২০০ গ্যালন থেকে কমিয়ে ১৭৬,২০০ হয়েছে। এই আয়তন পরিবর্তন শর্ত V.বি.১ এও অন্তর্ভুক্ত করতে হবে।

- F. **পূর্বের পারমিটে শর্ত III.বি.৪ তে ছিল ফিল্টার প্রেস বিল্ডিংগে ধারক ক্ষমতা সংরক্ষণ ৬০ গজ ডিওয়াটারেড ফিল্টার প্রেস স্লাজ।** এই ধারক সংরক্ষণ পরিমাণকে দূর করার কোন উদ্দেশ নেই এবং এটি শর্ত IV.বি তে নবায়ন অবস্থায় যোগ করা উচিত। ৬০-গজ সংরক্ষণ সীমায় কোন বৃদ্ধি অনুরোধ করা হয় নি, কিন্তু রোল-অফ বক্সের সাথে ডাম্প ট্রেইলার ব্যবহার মণ্ডের করার জন্য নির্দিষ্ট ভাষায় পরিবর্তন করতে একটি অনুরোধ করা হয়েছে।

লাইসেন্স শর্ত IV.বি.৭ যোগ করা হয়েছে এটা বলতে: "লাইসেন্সী ১২,১১৮ গ্যালনের বেশি ডিওয়াটারড ফিল্টার প্রেস স্লাজ সংরক্ষণ করবে না, যা তৈরি হয়েছে গ্রহণযোগ্য বিপদজনক বর্জ্য প্রক্রিয়া করে, এই লাইসেন্সের সংযুক্তি ৭ হিসাবে, সর্বোচ্চ তিনটি ধারাকেন, রোল-অফ বা ট্রেইলার, মোট ৬০ কিউবিক গজের বেশি বিপদজনক বর্জ্য না সংরক্ষণ করে যা ফিল্টার প্রেস বিল্ডিংগে ধারণ করা যায়।

শর্ত IV.বি.৭ যোগ হওয়ার ফলে, ধারক সংরক্ষণ ক্ষমতার মোট আয়তন বৃদ্ধি পেয়েছে।
লাইসেন্স IV.এ সংশোধিত হয়েছে এটা বলতে: "বর্তমান ও প্রস্তাবিত বিপদজনক বর্জ্য

ধারক সংরক্ষণ এলাকা: ধারক ব্যাবস্থাপনা ফেসিলিটি বিল্ডিং ৪, বিল্ডিং ৫এ এবং বিল্ডিং ৫বি যা দেখানো হয়েছে অঙ্কন এ১-৪ (বর্তমান), এ১-৪, এ১-৫, এসকে-১, এসকে-২, এসকে-৩, এসকে-৪, সিসি-১৩-০১(বি) এবং সিসি-১৩-০২(বি) এই লাইসেন্স দ্বারা আবৃত হয়। কেন্দ্রের সীমানার বাইরে সম্প্রসারণ বা বড় করা যা অঙ্কন এ১-৪ এবং এ১-৫ এ দেখানো হয়েছে অথবা ৫০০,৭৩৯ গ্যালন স্টোরেজ ডিসাইন ক্যাপাসিটির বাইরে তার জন্য প্রয়োজন পরিচালকের কাছ থেকে সম্প্রসারণ, বড় করা বা পরিবর্তনের জন্য একটি নতুন অপারেটিং লাইসেন্স। অঙ্কন এ১-৪ (বর্তমান), এ১-৪, এ১-৫, এসকে-১, এসকে-২, এসকে-৩, এসকে-৪, সিসি-১৩-০১(বি) এবং সিসি-১৩-০২(বি) লাইসেন্সে সংযুক্তি ৬, ইঞ্জিনিয়ারিং পরিকল্পনার অংশ হিসাবে যোগ করা হয়েছে।

শর্ত IV.বি.৭ যোগ হওয়ার ফলে, ধারক সংরক্ষণ ক্ষমতার মোট আয়তন বৃদ্ধি পেয়েছে। লাইসেন্স IV.বি সংশোধিত হয়েছে এটা বলতে: "এই লাইসেন্সী মোট পরিমাণ ৫০০,৭৩৯ গ্যালন গ্রহণযোগ্য বিপদজনক বর্জের বেশি, এই লাইসেন্সের সংযুক্তি ৭ অনুসারে, এক কেন্দ্রে ধারাকে সংরক্ষণ করবে না, এই লাইসেন্সের শর্ত অনুসারে। ৫৫-গ্যালন ড্রাম সমকক্ষ সর্বোচ্চ ৯১০৪ সংখক সরুম এই কেন্দ্রে সংরক্ষণ করা যাবে।

G. আগের পারমিটের IV.সি.৪ বলে: লাইসেন্সী এই প্রক্রিয়া ব্যবস্থা দিনে ২৪ ঘন্টা, সপ্তাহে ৭ দিন চালাতে পারে, প্রতি বছর ৩১২ দিনের বেশি নয় বা বছরে ৭,৪৮৮ ঘন্টার বেশি নয়। এই শর্ত দূর করার কোন ইচ্ছে নেই এবং এটি পুনর্বীকরণের শর্ত V.সি.৩ তে অন্তর্ভুক্ত করা উচিত।

শর্ত V.সি.৩ যোগ করা হয়েছে এটা বলতে: "লাইসেন্সী এই প্রক্রিয়া ব্যবস্থা দিনে ২৪ ঘন্টা, সপ্তাহে ৭ দিন চালাতে পারে, প্রতি বছর ৩১২ দিনের বেশি নয় বা বছরে ৭,৪৮৮ ঘন্টার বেশি নয়।"

H. ট্রাফিক সংক্রান্ত অনেক উদ্বেগ প্রকাশিত হয়েছে, কেন্দ্র থেকে ও কেন্দ্র অবধি ট্রাকের সংখ্যা ও ট্রাক রুট সহ।

লাইসেন্স শর্ত II.এস ১ থেকে ৪ যোগ করা হয়েছে এটা বলতে:

১. লাইসেন্সী কেন্দ্রে ওভার-দি-রোড বিপদজনক বর্জ্য পরিবহন গাড়ি সরবরাহ সাম্প্রাহিক গড়ে দিনে ৪৫ টির বেশি নয় হিসাবে সীমাবদ্ধ করবে।
২. লাইসেন্সী সকল বিপদজনক বর্জ্য পরিবহন গাড়ির ড্রাইভারদের, যারা কেন্দ্রে আসছে বা যাচ্ছে, পরামর্শ দেবে আই-৯৪ এলিয়ট এভিনিউ, মট. এলিয়ট এভিনিউ এবং শেরউড এভিনিউ মধ্যের জর্জিয়া স্ট্রিটের অংশ, জর্জিয়া স্ট্রিট ও কেন্দ্রের উত্তর দিকের দুটি অটোমেটিক স্লাইডার গেটের মধ্যে ও পূর্ব দিকের একটি অটোমেটিক স্লাইড গেটের মধ্যে শেরউড অভ্যন্তরের অংশ ব্যবহার করার জন্য। কেন্দ্রের যানবাহনের প্রবেশ হবে কেন্দ্রের পূর্ব দিক বা উত্তর দিকের শেরউড এভিনিউ দিয়ে। গাড়িরা গেট দিয়ে প্রবেশ করে এবং পশ্চিম দিকে কেন্দ্রের প্রস্থান গেটের দিকে যায় কেন্দ্রটির উত্তর দিকে। নির্দিষ্ট রুট অবরুদ্ধ বা

ভগ্নদশা হয় যদি শ্রেণীবদ্ধ রাস্তা বিকল্প রাউটিং অনুমতি দেওয়া হয়। এমএমডি পরিচালক একটি প্রস্তাবিত বিকল্প রুট অনুমোদন করতে পারে, হয় স্থায়ী ভাবে বা অস্থায়ী ভাবে, যদি উপরে বলা রুট আটকানো বা অন্যথায় উপলব্ধ না থাকে।

৩. একটি বিকল্প পথ প্রয়োজন হবার ক্ষেত্রে, লাইসেন্সী এমএমডি পরিচালককে নিম্নলিখিতভাবে জানাবে:

(এ) লাইসেন্সী বিপদ্জনক বর্জ্য বিভাগকে ৫১৭-২৮৪-৬৫৬২ তে ফোন করে জানাবে যদি একটি বিকল্প পথের প্রয়োজন সোমবার থেকে শুক্রবার ০৮.০০ থেকে বিকেল ০৫.০০ এর মধ্যে হয়, রাজ্য ছুটির দিন গুলি ছাড়া অথবা ইজিএলই পিইএস কে ১-৮০০-২৯২-৪৭০৬ অন্য সব সময়ে ফোন করে। এই নোটিশে নিম্নলিখিত অন্তর্ভুক্ত হইবে:

(i) বিকল্প রুট কারণ সংক্রান্ত তথ্য, (অবরুদ্ধ, দুর্ঘটনা, মেরামতের কাজ); এবং

(ii) বিকল্প রুট একটি বিবরণ ব্যবহার করা হবে এবং প্রত্যাশিত সময়কাল।

৪. লাইসেন্সী যানবাহনের ট্রাফিক কেন্দ্রের মধ্যে পার্কিং যত, ড্রাইভওয়ে এবং লোডিং, আনলোডিং এরিয়াতে সীমাবদ্ধ করবে। চিত্র এ১-৪ গাড়ির প্রবেশ ও প্রস্থান স্থান চিহ্নিত করে।

- I. ডাব্লিউএপি সীমার যেখানে জৈবের ঘনত্ব ৫০০ পার্টস পার মিলিয়ন (পিপিএম) বা তার বেশি পরিমান সেই বর্জের প্রক্রিয়ার একটি বিশেষ উল্লেখ করতে করতে হবে।

লাইসেন্স শর্ত V.ই.৩ যোগ করা হয়েছে এটা বলতে: "লাইসেন্সী প্রক্রিয়ার জন্য এমন কোন বর্জ্য নেবে না যার মধ্যে জৈবের ঘনত্ব ৫০০ পিপিএম-এর সমান বা বেশি। এই শর্তটি এই লাইসেন্সের সংযুক্তি ১ ডাব্লিউএপি-র সাবপার্ট সিসি টেম্পলেটে চিহ্নিত হয়েছে।

- J. বর্তমান লাইসেন্সে ভুগর্ভস্ত জল পর্যবেক্ষণ মওকুফের ভাষা আছে। প্রক্রিয়া বর্জ্য পরিচালনা পদ্ধতির এবং একটি ভুগর্ভস্ত জল পর্যবেক্ষণ মওকুফের প্রয়োজনীয়তার আরো পর্যালোচনার পর আর ২৯৯.৯৬১২(৩)(এ)(i), ইজিএলই সিদ্ধান্ত নেয় যে কেন্দ্রের ভুগর্ভস্ত জল পর্যবেক্ষণ মওকুফের শর্ত আর পূরণ হচ্ছে না।

কেন্দ্রটি একটি ভুগর্ভস্ত জল একটি একুইফারে নেই (জিডাব্লিউএনআইএএ) সংকল্পের জন্য অনুরোধ করেছিল। ইজিএলই জিডাব্লিউএনআইএএ সংকল্প অনুমোদন করে। এই সংকল্পের সাথে ভুগর্ভস্ত জল পর্যবেক্ষণ প্রয়োজনীয়তা মকুব হয়েছে কারণ এই কেন্দ্র থেকে তরলের সর্বোচ্চ একুইফারে যাবার কোন সম্ভাবনা নেই।

- K. ল্যান্ড ডিস্পেজাল রেস্ট্রিকশনের (এলডিআর) আরো ব্যাখ্যা প্রয়োজন বোধ করা হয়।

প্রক্রিয়ার পরের নমুনা নেওয়া এবং ডাব্লিউএপি তে বর্জ্য স্থিতিশীলতার জন্য পদ্ধতি পিট্
নম্বর ১, ২ বা ৩ তে।

লাইসেন্স শর্ত VIII.এ.৮ যোগ করা হয়েছে এটা বলতে: "লাইসেন্সী ডাব্লিউএপিতে প্রস্তাবিত
পরিবর্তন এমএমডি পরিচালককে পর্যালোচনা এবং অনুমোদনের জন্য পিট্ নম্বর ১, ২ বা
৩ এ স্থিতিশীলতার জন্য বর্জ্য গ্রহণ এবং প্রক্রিয়ার আগে জমা দেবে। এই পরিবর্তনগুলি
এলডিআর পোস্ট-প্রক্রিয়া নমুনা প্রয়োজনীয়তা বা আলাদা প্রয়োজনীয়তা দরকারে সুরাহা
হবে। এই অনুমোদনের অধীনে, ডাব্লিউএপি পূর্ণবিবেচনাগুলি এই লাইসেন্সের একটি ছোট
পরিবর্তন হিসাবে প্রয়োগযোগ্য শর্ত হয়ে ওঠে। ইউএসই পরিবর্তিত ডাব্লিউএপি অনুমোদিত
না হওয়া পর্যন্ত স্থিতিশীলতার মাধ্যমে প্রক্রিয়া করার জন্য পরিকল্পিত বর্জ্য গ্রহণ করতে বা
উক্ত প্রক্রিয়া চালাতে সক্ষম হয় না।

টেবিল । .

| বর্জ্য সংকেত | বিবরণ |
|--|--|
| ধারক ব্যবহাপনা সুবিধা জন্য নতুন | |
| ০০১এস | অফলাটক্সিন |
| ০০২এস | ২,৩,৭,৮-টেট্রাক্লোরোডাইবেনজো-পি-ডাইঅক্সিন |
| ০০৩ | ১,২,৩,৭,৮-পেন্টাক্লোরোডাইবেনজো-পি-ডাইঅক্সিন |
| ০০৪এস | ১,২,৩,৪,৭,৮-হেক্সাক্লোরোডাইবেনজো-পি-ডাইঅক্সিন |
| ০০৫এস | ১,২,৩,৬,৭,৮-হেক্সাক্লোরোডাইবেনজো-পি-ডাইঅক্সিন |
| ০০৬এস | ১,২,৩,৭,৮,৯-হেক্সাক্লোরোডাইবেনজো-পি-ডাইঅক্সিন |
| ০০৭এস | ২,৩,৭,৮-টেট্রাক্লোরোডাইবেনজো ফুরান |
| ০৩১ইউ | ক্লোরিনেটেড ডাইঅক্সিনস (তালিকা ২০২ তে তালিকাভুক্ত ছাড়া) এফ০২০ |
| ইফ ১ | বর্জ্য (বর্জ্য জল এবং হাইড্রোজেন ক্লোরাইড পরিশোধন থেকে উৎপন্ন স্পেন্ট কার্বন ছাড়া) প্রোডাকশন বা ম্যানুফ্যাকচারিং ব্যবহার থেকে (রিএক্ট্যান্ট, রাসায়নিক মধ্যস্থতা করি, বা কোন ফর্মুলাটিং প্রসেসেস কম্পোনেন্ট) ট্রাই- বা টেট্রাক্লোরফেনল, বা মধ্যবর্তী যা তাদের কীটনাশক ডেরিভেটিভ তৈরি করতে ব্যবহৃত হয় (এই তালিকায় অত্যন্ত শুধু ২,৪,৫-ট্রাইক্লোরফেনল থেকে হেক্সাক্লোরোফেনে উৎপাদনের সময়ের বর্জ্য নেই) |
| এফ০২২ | বর্জ্য (বর্জ্য জল এবং হাইড্রোজেন ক্লোরাইড পরিশোধন থেকে উৎপন্ন স্পেন্ট কার্বন ছাড়া) প্রোডাকশন বা ম্যানুফ্যাকচারিং ব্যবহার থেকে (রিএক্ট্যান্ট, রাসায়নিক মধ্যস্থতা করি, বা কোন ফর্মুলাটিং প্রসেসেস কম্পোনেন্ট) টেট্রা-, পেন্টা- বা হেক্সাচলরবেনজিন আলকালীন অবস্থায় ছাড়া। |
| এফ০২৩ | বর্জ্য (বর্জ্য জল এবং হাইড্রোজেন ক্লোরাইড পরিশোধন থেকে উৎপন্ন স্পেন্ট কার্বন ছাড়া) প্রোডাকশন বা ম্যানুফ্যাকচারিং ব্যবহারের জন্য আগে ব্যবহৃত যন্ত্রের উপাদান তৈরি জন্য থেকে (রিএক্ট্যান্ট, রাসায়নিক মধ্যস্থতা করি, বা কোন ফর্মুলাটিং প্রসেসেস কম্পোনেন্ট) ট্রাই- বা টেট্রাক্লোরফেনলস এর (এই তালিকায় অত্যন্ত শুধু ২,৪,৫-ট্রাইক্লোরফেনল থেকে হেক্সাক্লোরোফেনে উৎপাদন বা ব্যবহারের সময় ব্যবহৃত যন্ত্র থেকে উৎপন্ন বর্জ্য নেই). |
| এফ০২৬ | বর্জ্য (বর্জ্য জল এবং হাইড্রোজেন ক্লোরাইড পরিশোধন থেকে উৎপন্ন স্পেন্ট কার্বন ছাড়া) প্রোডাকশন বা ম্যানুফ্যাকচারিং ব্যবহারের জন্য আগে ব্যবহৃত যন্ত্রের উপাদান তৈরি জন্য থেকে (রিএক্ট্যান্ট, রাসায়নিক মধ্যস্থতা করি, বা কোন ফর্মুলাটিং প্রসেসেস কম্পোনেন্ট) টেট্রা-, পেন্টা- বা হেক্সাক্লোরাবেনজিন আলকালীন অবস্থায়ের। |

| বর্জ্য সংকেত | বিবরণ |
|------------------------------|---|
| এফ০২৭ | বাতিল অব্যাবহাত ফর্মুলেশন যার মধ্যে আছে ট্রাই, টেট্রা বা পেন্টাক্লোরোফেনল বা বাতিল অব্যাবহাত ফর্মুলেশন যার মধ্যে আছে এই সকল ক্লোরোফেনল থেকে উদ্ভুত ঘোগ (এই তালিকায় সেই সব ফর্মুলেশন নেই যাতে পূর্বপরিশুমকি ২,৪,৫-ট্রাইক্লোরোফেনল একক উৎস হিসাবে হেক্সাক্লোরোফেন উৎপন্ন হয়।) |
| এফ০২৮ | ইপিএ বিপদ্জনক বর্জ্য সংখ্যা এফ০২০, এফ০২১, এফ০২২, এফ০২৩, এফ০২৬ এবং এফ০২৭ যুক্ত মাটির পোড়ানো বা উষ্ণ প্রক্রিয়া করার পর অবশিষ্ঠ অংশ। |
| কে১৪০ | মেঝে ঝড় দেওয়ার, অ-নির্দিষ্টকৃত পদার্থ, এবং ২,৪,৬-ট্রাইব্রোমোফেনল উৎপাদনের সময় স্পেন্ট ফিল্টার মিডিয়া, বাতিল বাণিজ্যিক রায়াসনিক পদার্থ। |
| কে১৬৯ | পেট্রোলিয়াম পরিমার্জিত অপারেশন থেকে অশোধিত তেল স্টোরেজ ট্যাংক পলল |
| কে১৭০ | ব্যাখ্যা স্লারি তেল ট্যাংক পলল এবং/অথবা ইন লাইন ফিল্টার/পেট্রোলিয়াম পরিমার্জিত অপারেশন থেকে বিচ্ছেদ কঠিন বস্তুর |
| কে১৭১ | পেট্রোলিয়াম বিশোধক অপারেশন থেকে স্পেন্ট হাইড্রোট্রিটিং অনুষ্টক, অন্যান্য ক্যাটালিটিক রিএক্টরে ডেসালফারিজে ফিল্ড হিসাবে বাবহ গার্ড বেড সমেত। |
| কে১৭২ | পেট্রোলিয়াম বিশোধক অপারেশন থেকে স্পেন্ট হাইড্রোরেফাইনিং অনুষ্টক, অন্যান্য ক্যাটালিটিক রিএক্টরে ডেসালফারিজে ফিল্ড হিসাবে বাবহ গার্ড বেড সমেত। |
| কে১৭৪ | ইথিলিন ডাইক্লোরাইড বা ভিনাইল ক্লোরাইড মনোমার উৎপাদনের সময় তৈরি বর্জ্য জল প্রক্রিয়া কাঁদা। |
| কে১৭৫ | এসিটাইলেন-বেসড প্রসেসে, মারকিউরিক ক্লোরাইড ব্যবহার করে ভিনাইল ক্লোরাইড মনোমার উৎপাদনের সময় তৈরি বর্জ্য জল প্রক্রিয়া কাঁদা। |
| কে১৭৬ | আন্টিমনি অক্সাইড উৎপাদনের থেকে বাগহাউস ফিল্টার, মধ্যবর্তী উৎপাদনের ফিল্টার সমেত। |
| কে১৭৭ | আন্টিমনি অক্সাইড উৎপাদনের থেকে ধাতুমল, মধ্যবর্তী উৎপাদনের ধাতুমল সমেত। |
| কে১৭৮ | ক্লোরাইড-ইলমেনাইট পদ্ধতিতে টাইটানিয়াম ডাইঅক্সাইড উৎপাদনের সময় ফেনা হওয়া অ্যাসিড থেকে উৎপন্ন ফেরিক ক্লোরাইড উৎপাদন এবং উৎপাদন ক্ষেত্রে সঞ্চয়ের সময় হওয়া তলানি। |
| ইউ১০৭ | ডাই-এন-অক্টিল ফথ্যালাট |
| প্রক্রিয়ার জন্য নতুন | |
| ডিং০২০ | ক্লোরডান |

| বর্জ্য সংকেত | বিবরণ |
|--------------|---|
| এফ০৩৯ | আর ২৯৯.৯২১৩ এবং আর ২৯৯.৯২১৪ অনুসারে একের বেশি বিপদ্জনক বর্জ্য সংখ্যা সমেত বা বর্জ্যের মিশন শ্রেণীকৃত আর ২৯৯.৯২১৩ এবং আর ২৯৯.৯২১৪ অনুসারে বর্জ্য প্রক্রিয়া, সংরক্ষণ বা নিষ্পত্তির সময় তৈরি লেচেট। নিম্নলিখিত বিপদ্জনক বর্জ্যগুলি ব্যাবস্থাপনা থেকে, অন্য কোন বিপদ্জনক বর্জ্য ব্যবহার না করে এবং মূল বিপদ্জনক বর্জ্য সংখ্যা এক রেখে তৈরি লেচেট এফ০২০, এফ০২১, এফ০২২, এফ০২৩, এফ০২৬, এফ০২৭ বা এফ০২৮। |
| কে০৬১ | বৈদ্যুতিক ফার্নেসে ইস্পাতের প্রাথমিক উৎপাদনের সময় নিকাশ নিয়ন্ত্রণ ধূলো বা প্লাজ। |
| ইউ১৩৪ | হাইড্রফ্লোরিক অ্যাসিড বা হাইড্রোজেন ফ্লোরাইড |